

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,  
ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ  
২৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০১০৫.২৩.১৪৮

বিষয়: স্যানটিক (বাংলাদেশ) কোং লিমিটেড নামক ১০০% রপ্তানীমুখী “তৈরী পোশাক (নীট ও ওভেন)” বস্ত্র শিল্প কারখানার  
অনুকূলে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/সহায়ক যন্ত্রাংশ সমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি  
জারীকরণ প্রসংগে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-১৬৯, তারিখ: ২০/০২/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আলোকে জানানো যাচ্ছে যে, স্যানটিক (বাংলাদেশ) কোং লিমিটেড, অফিস ও কারখানাঃ আউকপাড়া, আশুলিয়া, সাভার, ঢাকা নামক কারখানাটি ১০০% রপ্তানীমুখী “তৈরী পোশাক” উপ-খাতে নিবন্ধনকৃত একটি বস্ত্র শিল্প ইউনিট। যার নিবন্ধন সংখ্যা- আরএমজি/ইএক্সপি/এফ ০০০৬৮৪-১৯, তারিখ: ১৭/১১/২০১৯ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: তৈরী পোশাক (নীট ও ওভেন)। উদ্যোক্তা বিদ্যমান কারখানার সুষমকরণ/আধুনিকীকরণ/প্রতিস্থাপন ও সম্প্রসারণের নিমিত্তে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/সহায়ক যন্ত্রাংশ ছাড়করণের আমদানী পারমিট (আই, পি) জারীর লক্ষ্যে সুপারিশ প্রেরণের আবেদন করেছেন। উল্লেখ্য, বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/সহায়ক যন্ত্রাংশ ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/সহায়ক যন্ত্রাংশ সমূহের ইনভয়েস নং ও এয়ারওয়ে বিল/বিল অব লেডিং নং এর তালিকা নিম্নে ছকে দেয়া হলোঃ

Sl no.	List Of Machinerie s	Total Price	Invoice No. & Date	Airway bill/ B-L No & Date
01.	টেক্সটাইল সহায়ক মেশিনারীজ/ যন্ত্রাংশ	USD 58,200.00	SWQQL24007 Date:31/12/2024	249942298 Date: 17/02/2025
02.	টেক্সটাইল সহায়ক মেশিনারীজ/ যন্ত্রাংশ	USD 1700.00	SWQQL24007-2 Date:31/12/2024	285578430 Date: 18/02/2025

প্রেরিত মেশিনারীজ/সহায়ক যন্ত্রাংশ সমূহ কারখানার অবস্থানঃ আউকপাড়া, আশুলিয়া, সাভার, ঢাকা এলাকায় স্থাপন করবেন বলে জানিয়েছেন।

বর্ণিত অবস্থায়, কারখানার নামে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/সহায়ক যন্ত্রাংশ সমূহ খালাস করার লক্ষ্যে আমদানী নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে প্রয়োজনীয় ইম্পোর্ট পারমিট (আই.পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।

**শর্তসমূহঃ**

(ক) বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/সহায়ক যন্ত্রাংশ সমূহের বিপরীতে কোন মূল্য পরিশোধ করা যাবে না।

(খ) প্রেরিত মেশিনারীজ/সহায়ক যন্ত্রাংশ সমূহ নিজস্ব কারখানাঃ আউকপাড়া, আশুলিয়া, সাভার, ঢাকা এলাকায় স্থাপন করতে হবে।

(গ) উল্লেখিত মেশিনারীজ/সহায়ক যন্ত্রাংশ অন্য কোথাও বিক্রয় বা হস্তান্তর করা যাবে না এবং সরকারের অন্যান্য দপ্তর সংস্থার যাবতীয় বিধিবিধান প্রতিপালন করতে হবে।

(ঘ) আমদানিকৃত মেশিনারীজ কারখানায় স্থাপন করতঃ মেশিনারীজ আমদানির বিনিয়োগ USD 58,200.00 AND 1700.00 ডলার

নিবন্ধনে অন্তর্ভুক্ত করে নিবন্ধনের বিনিয়োগ সংশোধন করতে হবে এবং মেশিনারীজ কারখানায় স্থাপন করার ০৩ (তিন) মাসের মধ্যে বস্ত্র অধিদপ্তরকে অবহিত করতে হবে।



২৬-০২-২০২৫

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০১০৫.২৩.১৪৮/১ (৬)

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ  
২৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, কাষ্টমস হাউজ, চট্টগ্রাম।
- ২। মহা-ব্যবস্থাপক, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, স্যানটিক (বাংলাদেশ) কোং লিমিটেড, অফিস ও কারখানাঃ আউকপাড়া, আশুলিয়া, সাভার, ঢাকা।
- ৪। সহকারি রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। ওয়ানস্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। অফিস কপি।



২৬-০২-২০২৫

মোহাম্মদ মানিক খান

সহকারী পরিচালক